রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০২ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২১৬-আইন/২০১৮।—যেহেতু সরকার** স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯-আইন/২০১৮ দ্বারা সিলেট জেলার বিশ্বনাথ উপজেলা সদরে পৌরসভা গঠনের লক্ষ্যে বিশ্বনাথ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে, এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

**যেহেতু** উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করিয়া সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

**সেহেতু সরকার** উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—


মূল্য : টাকা ৪.০০

**তফসিল**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | বিশ্বনাথ | আহম্মদাবাদ | ৮২ | ১—৫৭৪৫। |
| (২) | বিশ্বনাথ | পূর্বজানাইয়া | ৮৩ | ১—৩৩৮৯। |
| (৩) | বিশ্বনাথ | বিদাইলসুলপানি | ৭৬ | ১—১৯২৭। |
| (৪) | বিশ্বনাথ | কানাইপুর | ৮১ | ১—১১০৬। |
| (৫) | বিশ্বনাথ | মজলিসভুগসাইল | ৯২ | ১—৯৩৮। |
| (৬) | বিশ্বনাথ | চানসিরকাপন | ৮৭ | ১—৩১৫৫। |
| (৭) | বিশ্বনাথ | মীরেরচর | ৮৮ | ১—৩১৬৫। |
| (৮) | বিশ্বনাথ | মশুল্যা | ৮৪ | ১৭১৪—৬৩৬৮। |
| (৯) | বিশ্বনাথ | সেনেরগাও | ৭৭ | ১—১৪৪৮৮। |
| (১০) | বিশ্বনাথ | ধোপাখোলা | ৯১ | ১—৮৫৭। |
| (১১) | বিশ্বনাথ | তাজপুর | ৭৫ | ১—৭৫২। |
| (১২) | দেওকলস | আলাপুর | ৯৩ | ১—৭০৪। |
| (১৩) | দেওকলস | ধোপাখোলা | ৯১ | ৮৫৮—১৯১২। |
| (১৪) | দেওকলস | দত্তা | ৯৬ | ১—৪৯৪। |
| (১৫) | অলংকারী | পূর্বজানাইয়া | ৮৩ | ৩৩৯০—৫০৮৯। |
| (১৬) | অলংকারী | কামালপুর | ৬৪ | ১—৩৮২৪। |
| (১৭) | অলংকারী | ভাগমতপুর | ৬২ | ১—১১১৪। |
| (১৮) | অলংকারী | অলংকারী | ৬৭ | ১—১৩৫৮। |
| (১৯) | দৌলতপুর | দূর্যাকাপন | ৯০ | ১—২০২২। |
| (২০) | দৌলতপুর | চন্ডিচর | ৯৮ | ১—৩৪৭১। |
| (২১) | রামপাশা | পশ্চিমজানাইয়া | ৮৬ | ১—৫০১১। |
| (২২) | রামপাশা | মশুল্যা | ৮৪ | ১—১৭১৩। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা মান্নান**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd